আনন্দময়ীর আগমনে

**শিবদুর্গা বস্ত্রালয়**

রঘুনাথগঞ্জ তুলসীবিহার বাটীর উত্তর দরজা

গ্রাহকগণের সুবিধার্থে মিল ও তাঁতের নানাবিধ ধুতি, শাড়ী, সার্টিং ও কোটিং আমদানী করা হয়েছে। আমাদের দোকানে আসিয়া সুলভে জিনিস ক্রয় করুন।

প্রোঃ—শিবদুর্গা বস্ত্রালয়

Registered No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৮শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১০ই আশ্বিন বুধবার ১৩৬৮ ইংরাজী 27th Sept 1961 { ২০শ সংখ্যা




**দীপ্তি লণ্ঠন**

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. SEEVK

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার আপনাকে তৃপ্তি দেবে।

• ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।




**খাস জনতা**

কেরোসিন কুকার

রূপের ভাস্বরতা ও বিপুলতা আবার।

প্রস্তুতকারক

দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

KALPANA D. PUBL

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

**ওয়েষ্ট বেঙ্গল বুক-বাইণ্ডিং হল**

এখানে সকল প্রকার বই ও খাতা সুলভে বাঁধান হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীজি, সি, ঘোষ, রঘুনাথগঞ্জ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১০ই আশ্বিন বুধবার সন ১৩৬৮ সাল।

খাদ্যমূল্য, বস্ত্রমূল্য যেমন পরিবর্ত্তনশীল

## *তেমনি সব বিষয়ের মূল্যও তাই*

## নির্ব্বাচনের মূল্য

—॰—

সর্ব্বাপেক্ষা বেশী ভোট যিনি পাইবেন, তিনিই নির্ব্বাচিত বলিয়া ঘোষিত হইয়া থাকেন। যিনি তাঁহার প্রতিদ্বন্দ্বী অপেক্ষা ২০০০০ বা ২২০০০ হাজার ভোট কম পাইলে জানিতে হইবে যে ইঁহাকে নির্ব্বাচক-মণ্ডলী চায় না। আমাদের পশ্চিম বাংলায় গত প্রথম সাধারণ নির্ব্বাচনে এই নিয়ম কথার কথা মাত্র বলিয়া প্রতিপন্ন হইয়া গিয়াছে। সকলেরই মনে আছে—খাদ্যমন্ত্রী ও শ্রমমন্ত্রী পশ্চিম বাংলার এম, এল, এ ছিলেন না। তাঁহারা সাধারণ নির্ব্বাচনে ডিগবাজী মারিয়া—মিউনিসিপ্যালিটী, ডিষ্ট্রীক্ট বোর্ড প্রভৃতির মেম্বার-গণের ভোটে এম, এল, এ হইয়া পশ্চিম বাংলায় কানাকড়ির খেল দেখাইতে হকদার হইয়া প্রভুত্ব দেখাইয়া গেলেন। তাহাতে কেহ কোন বিঘ্ন উৎপাদন করিতে পারেন নাই। এই যে ভোটা-ভোটি সুরু হইবে আগামী ১৯৬২ তে, এতে যদি কেহ ফেল মারেন। আর—যিনি মুখ্যমন্ত্রী হইবেন তাঁর যদি মেহেরবাণী তার উপরে থাকে, তবে যত মিউনিসিপ্যালিটী কি জেলা বোর্ড তারা মুখ্যমন্ত্রীর "যো হুকুমের দল।" এম, এল, এ উপাধি পাইবার জন্য যখন ফেল হওয়া রদ্দি মালকে তরাইবার জন্য মুখ্যমন্ত্রী ঐ সব তাঁবেদার প্রতিষ্ঠানকে যাহা ইঙ্গিত করিবেন তাহাই হইবে। ফেল হওয়া গুণনিধির মুরুব্বি যদি মুখ্য বাবাজী হন তবে কম্পার্টমেণ্টালে পাশ ছাত্রের মত বে-ডিভিসনী হয়ে মন্ত্রীর আসন অলঙ্কৃত করিতে একটুও লজ্জা অনুভব করিবে না। মুখ্যমন্ত্রী মহাশয় যদি তেমনি ইজ্জৎওয়ালা হন তবে এই "নয়কে হয়" করিয়া অট্টহাসি হাসিয়া নিজের দেবচরিত্রের বিকাশ করিতে পশ্চাৎপদ হইবেন না। নির্ব্বাচনের মূল্য ইহাতেই বোঝা যায়। কর্ত্তা যদি "হিরো" হয় তবে নির্ব্বাচনের মূল্য "জিরো।"

---

## প্রতিশ্রুতির মূল্য

—॰—

গান্ধী বাবা বলিয়াছিলেন ভারতের অঙ্গচ্ছেদ করার আগে তাঁহার (গান্ধীর) দেহ টুকরো টুকরো করতে হবে। তাঁর কথা বজায় রাখতে গেলে তাঁহার ভক্তগণের তাড়াতাড়ি গদী পাইবার শুভ কর্ম্মে বিলম্ব হয়। ভক্তগণের ধৈর্য্য থাকে না। কাজেই ভক্তাধীন ভগবান যেমন বলিয়াছিলেন—

"ভক্ত বই মোরে, ভকতি ডোরে
অনন্ত জগতে কে বাঁধিতে পারে?
ভক্তাধীন আমি ভক্তের তরে
যন্ত্র-পুতলি হইয়া আছি।"

বাবা ভক্তগণের বাঞ্ছা পূর্ণ করিতে নির্বাক পুতলি হইয়া রহিলেন।

১৯৪৭—১৫ই আগষ্ট যে স্বাধীনতা লাভ করিয়া ভারত শৃঙ্খল মুক্ত হইল। তখনও ইংরাজ শাসক লর্ড মাউণ্ট ব্যাটেন শৃঙ্খল ধরিয়া শৃঙ্খলা পরিচালন করিতেছেন। যাঁহারা ভারপ্রাপ্ত নন, অথচ রাজ-নীতি বোঝেন, তাঁহারা চীৎকার করিতে লাগিলেন এটা "ইণ্ডিপেণ্ডেন্স" (স্বাধীনতা) নয়—এর নাম "ডোমিনিয়ন ষ্টেটাস্"।

কত বড় বড় মনীষী বলিয়াছেন—"ইণ্ডিপেণ্ডেন্স ক্যান্ নট্ কাম্ য়্যাজ এ গিফ্ট, ইট্ মাষ্ট্ বি রেষ্টেড্ ফ্রম্ সাম্ আন্‌উইলিং হ্যাণ্ড" এর মানে হচ্ছে—স্বাধীনতা দান হিসাবে আসিতে পারে না। ইহা (স্বাধীনতা) অপরের অনিচ্ছা-সত্ত্বে তার হাত মোচড়াইয়া লইতে হয়।

প্রধান মন্ত্রী জহরলালজী একদিন বলিয়াছিলেন —কালাবাজারী ও ভেজালওয়ালাদের ধরিয়া ধরিয়া আলো দেওয়া খুঁটিতে খুঁটিতে ঝুলাইয়া দেওয়া হইবে। গত নির্ব্বাচনে জহরলালের প্রতিমূর্ত্তিকে খুঁটিতে খুঁটিতে ঝুলিতে দেখা গিয়াছিল। গত বারের নির্ব্বাচনে পশ্চিম বাঙলায় মুখ্যমন্ত্রী ডাঃ রায়েরও তসবির "কংগ্রেসকে ভোট দেন" বাক্যের সহিত ঝুলিতে দেখা গিয়াছিল।

প্রথম সাধারণ নির্ব্বাচনে পণ্ডিত জহরলালজী বলিয়াছিলেন, ফেল মন্ত্রীদের মধ্যে কেবল মোরারজী দেশাইকে মন্ত্রী করা হইবে আর কাহাকেও নহে। তবে আমাদের দুটি ফেল মন্ত্রী আবার গদি পাইলেন এটা বোধ হয় ডাঃ রায়ের আর্ষ প্রয়োগ।

বিহারের চরণতলে বাংলাকে অর্পণ করিতে না পারিলে অর্পণকারী নাকি গদি ছেড়ে 'পুনর্ডাক্তারো ভবিষ্যামি' বলিয়া কই কথা রাখিলেন। নর্ত্তকীরা নাচে আর গান গায়—

"দান করা প্রাণ ফিরিয়ে নিলে
কালিঘাটের কুকুর হয়।"

---

## *গঙ্গাবক্ষে সন্তরণ প্রতিযোগিতা*

উদ্যোক্তা—সেবা শিবির ব্যায়ামাগার

তারিখ—১০ই সেপ্টেম্বর, রবিবার

২ মাইল সন্তরণ—১ম—অশোক চ্যাটার্জী, ২য়—দীপকলাল সাহা, ৩য়—দিলীপ পাল।

১ মাইল সন্তরণ—১ম—গণেশ বসু, ২য়—নিখিল রায়, ৩য়—জয়দেব দাস।

বালিকাদের অর্দ্ধ মাইল—১ম—শ্বেতা চ্যাটার্জী ২য়—মীনাক্ষী চ্যাটার্জী, ৩য়—শোভা সিংহ।

বালকদের অর্দ্ধ মাইল—১ম—মহাদেব দাস, ২য়—শঙ্কর রায়, ৩য়—ষষ্ঠী দাস।

---

## *রঘুনাথগঞ্জ সার্ব্বজনীন দুর্গা পূজার*

১৩৬৭ সালের আয় ব্যয়ের হিসাব

জমা—রসিদ মূলে মোট আদায় ৪৩২৷৷০, মধ্যে অনাদায় উল্লেখে জমা নাই ৭৲, প্রকৃত জমা ৪২৫৷৷০ কোষাধ্যক্ষের নিকট হইতে হাওলাতি জমা ৷৷/০, মোট ৪২৬/০

খরচ—প্রতিমা ৭০৲, মণ্ডপ নির্ম্মাণ ৮৫৷৷১৫, পূজা ১৫৫/৫, নরনারায়ণ সেবা ১৭৷৷১৫, বাদ্য ৪২৲ নিরঞ্জন ১৫৷০, আলো ২৫৷৵০, লক্ষ্মীপূজা ৭৷৷০, বিবিধ ৫৮৵১০, গত বৎসরের কোষাধ্যক্ষের ধার শোধ ১৮১৫, মোট ৪২৬/০

শ্রীপার্বতীচরণ মুখোপাধ্যায়, সভাপতি

শ্রীঅবনীকুমার রায়, (কোষাধ্যক্ষ)

এই হিসাব ঠিক আছে।

স্বাক্ষর শ্রীজ্ঞানেন্দ্রভূষণ গুপ্ত, হিসাব পরীক্ষক।

— —

## ভেজাল দ্রব্য বিক্রয়ে দণ্ড

জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর স্বাস্থ্য-পরিদর্শক মহাশয়ের অভিযোগক্রমে জঙ্গিপুর ফৌজদারী আদালতের বিচারক মহোদয় নিম্নের ব্যক্তিগণকে অর্থদণ্ডে দণ্ডিত করিয়াছেন।

ভেজাল ছানা বিক্রয়ের জন্য মির্জাপুর নিবাসী শ্রীসাতকড়ি ঘোষ—২০৲; ভেজাল দুগ্ধ বিক্রয়ের জন্য জরুর নিবাসী শ্রীনকুল ঘোষ—২০৲ (এই ব্যক্তি জরুর ও জামুয়ার দুগ্ধ সমিতির বিলিকারক বলিয়া প্রকাশ) ভেজাল সরিষার তৈল ও নারিকেল তৈল বিক্রয়ের জন্য রঘুনাথগঞ্জ ফাঁসীতলা নিবাসী শ্রীদুর্গাপ্রসাদ দে—৩০৲

## রাস্তার পার্শ্বের নালায় পাটের পচান

রঘুনাথগঞ্জ হইতে মির্জাপুর যাওয়ার রাস্তার পাশের নালার জলে পাট পচাইতে দেওয়া হইয়াছে। ঐ নালার জল পার্শ্ববর্তী পল্লীর জনসাধারণ ব্যবহার করিয়া থাকে। পাটপচা জলের দুর্গন্ধে রাস্তা দিয়া চলাচল করাই কঠিন। উক্ত পল্লীর জনগণের স্বাস্থ্যহানি হওয়ার সম্ভাবনা। যাহাতে ভবিষ্যতে উক্ত নালার জলে পাট পচান না হয় তৎপ্রতি বিভাগীয় কর্ত্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

## টাইম টেবল

প্রতি ছয় মাস অন্তর রেলওয়ে কোম্পানীর ট্রেণ চলাচলের সময় পরিবর্ত্তন হয়। এবার ১লা অক্টোবর হইতে ৩১শে মার্চ্চ পর্য্যন্ত নিম্নে মুদ্রিত সময়ে জঙ্গিপুর রোড রেল ষ্টেশনে ট্রেণ চলাচল করিবে।

আপ ট্রেণ (নিমতিতা অভিমুখে)


| | | | | |
|---|---|---|---|---|
| ৩১৯নং | আসে | ৯—১৭ | ছাড়ে | ৯—২৭ |
| ৩৩৩নং | „ | ১৫—১৭ | „ | ১৫—২৭ |
| ৩৪৫নং | „ | ২০—৫৫ | „ | ২১—০৫ |
| ৩৪৭নং | „ | ২—২৬ | „ | ২—৩৬ |

ডাউন ট্রেণ (হাওড়া অভিমুখে)

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৩৪নং | আসে | ৬—১৭ | ছাড়ে | ৬—২৭ |
| ৩৪৬নং | „ | ১২—৩৪ | „ | ১২—৪৪ |
| ৩৮০নং | „ | ১৭—৫৯ | „ | ১৮—০৯ |
| ৩৪৮নং | „ | ২৩—৩৯ | „ | ২৩—৪৯ |



ডেকে আন্‌তে বল্লে পরে, ধ'রে আনে তারে।



ধ'রতে বল্লে বেঁধে আনে, তার উপরে মারে।

## পরলোকে পশ্চিমবঙ্গ রাজ্য কংগ্রেসের সভাপতি

# যাদবেন্দ্রনাথ পাঁজা

পশ্চিমবঙ্গ প্রদেশ কংগ্রেস কমিটির সভাপতি, বর্দ্ধমান জেলার প্রবীণতম জননায়ক, আদর্শবাদী মহান্ নেতা যাদবেন্দ্রনাথ পাঁজা গত ৪ঠা আশ্বিন বৃহস্পতিবার সাটীনন্দী গ্রামস্থ নিজ ভবনে হৃদরোগে আক্রান্ত হইয়া অকস্মাৎ পরলোকগমন করিয়াছেন। মৃত্যুকালে তাঁহার বয়স ৭৬ বৎসর হইয়াছিল।

পাঁজার মৃত্যু সংবাদ বর্দ্ধমান ও কলিকাতায় পৌঁছিবার সঙ্গে সঙ্গে প্রদেশ কংগ্রেস সহ-সভাপতি শ্রীঅতুল্য ঘোষ, মন্ত্রী শ্রীপ্রফুল্ল সেন, মন্ত্রী শ্রীকালীপদ মুখার্জি, শ্রীনির্ম্মলেন্দু দে, শ্রীবীজেশ সেন প্রমুখ নেতৃবৃন্দ বর্দ্ধমান চলিয়া আসেন এবং পাঁজার গ্রাম (সাটীনন্দী) হইতে মৃতদেহ আনিবার ব্যবস্থা করেন। পাঁজার দুইকন্যা—যাঁহারা কলিকাতায় ছিলেন—তাহাদের বর্দ্ধমান আনিবার ভার গ্রহণ করেন মন্ত্রী শ্রীআবদুস সাত্তার। সন্ধ্যার পূর্ব্বেই মৃতদেহ জেলা কংগ্রেস অফিসে আনা হয়। শ্রী ঘোষ শ্রী সেন, শ্রী মুখার্জি, শ্রী সাত্তার শবাধারে মাল্য অর্পণ করেন। ডাঃ রায়ের পক্ষ হইতেও মাল্য প্রদত্ত হয়। পাঁজা মহাশয়ের কন্যা ও নাতি নাতনী উপস্থিত হইলে পর এক বিরাট শোকযাত্রা শবাধার সহ সহরের প্রধান প্রধান পথ পরিক্রমণ করে এবং শেষে পাঁজার নশ্বর দেহ ত্রিবেণীর গঙ্গাতীরে লইয়া যাওয়া হয় ও সেইখানেই শেষকৃত্য সম্পন্ন করা হয়। পাঁজার সহধর্ম্মিণী বৎসরখানেক পূর্ব্বে ইহলোক ত্যাগ করিয়াছেন। ১৮৮৬ সালে পাঁজা বর্দ্ধমানে জন্মগ্রহণ করেন। তাঁহার পিতা নৃসিংহমুরারি পাঁজা বর্দ্ধমান রাজ স্কুলের শিক্ষক ছিলেন। বর্দ্ধমান রাজ কলেজ হইতে এফ, এ পাশ করিয়া তিনি কলিকাতায় রিপণ ও স্কটিশ চার্চ্চ কলেজে অধ্যয়ন করেন এবং বিশ্ববিদ্যালয় হইতে আইন ডিগ্রী লাভ করিয়া বর্দ্ধমানে আইন ব্যবসায় আরম্ভ করেন। ১৯২১ সালে অসহযোগ আন্দোলনে যোগ দেন এবং আইন ব্যবসায় চিরকালের মত ত্যাগ করেন। তিনি ১৯৪৭ সালে মন্ত্রীসভায় যোগদান করেন। তাঁহার ন্যায় নিষ্ঠাবান কংগ্রেস নেতা দুর্ল্লভ। আজীবন তিনি অনাড়ম্বর জীবন যাপন করিয়াছেন। এই মহান্ নেতার আদর্শ গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করিতেছি।



এরা সব ভিক্ষা দেখ মাগছে দ্বারে দ্বারে।



ইনি দেখ লেগে গেছেন পল্লী সংস্কারে।

## জঙ্গিপুর উচ্চতর (বহুমুখী) মাধ্যমিক বিদ্যালয়ের কৃতিত্ব

এবার আন্তবিদ্যালয় ফুটবল প্রতিযোগিতায় জঙ্গিপুর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় বিশেষ কৃতিত্বের পরিচয় দিয়েছে। জঙ্গিপুর মহকুমা বিদ্যালয়গুলির শেষ খেলায় সাগরদীঘি বিদ্যালয় দলকে পরাজিত ক'রে জঙ্গিপুর বিদ্যালয় দল বহরমপুরে খেলতে যায় এবং সেখানে লালবাগ মহকুমার জিয়াগঞ্জ বিদ্যালয় দলকে এক গোলে পরাজিত করে। অতঃপর মুর্শিদাবাদ জেলা প্রতিযোগিতার শেষ খেলায় সদর মহকুমার গোরাবাজার আই, সি বিদ্যালয় দলকে এক গোলে পরাজিত করে এবং জেলা বিদ্যালয়গুলির মধ্যে শ্রেষ্ঠ দলের সম্মান লাভ ক'রে দীর্ঘদিন পর জঙ্গিপুরে সীল্ড নিয়ে আসে। এই ব্যাপারে জঙ্গিপুর বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে বিশেষ উদ্দীপনার সঞ্চার হয়। সীল্ড নিয়ে তাঁহারা রাত্রিতে একবার রঘুনাথগঞ্জ সহর প্রদক্ষিণ করেন এবং পরদিন দীর্ঘ শোভাযাত্রা সহকারে তাঁহারা জঙ্গিপুর ও রঘুনাথগঞ্জের সমস্ত রাস্তা প্রদক্ষিণ করেন। ইহার পর জঙ্গিপুর বিদ্যালয় দল আন্তর্জিলা প্রতিযোগিতায় যোগদান ক'রে কৃষ্ণনগরে খেলতে যায় এবং সেখানে নদীয়া জেলার শ্রেষ্ঠ বিদ্যালয় দলকে ২—১ গোলে পরাজিত ক'রে মুর্শিদাবাদ জেলার মুখোজ্জ্বল করে। জঙ্গিপুর বিদ্যালয় দলের এই কৃতিত্বে মুর্শিদাবাদ জেলাবাসী, বিশেষভাবে এখানকার বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা অশেষ গৌরব বোধ করবেন। পরবর্তী সব খেলায় আমরা জঙ্গিপুর বিদ্যালয় দলের সাফল্য কামনা করি।

## বিজ্ঞপ্তি

এই জেলার নবগ্রাম থানার অন্তর্গত নবগ্রাম দেশী মদ ও গাঁজার দোকান বন্দোবস্ত করার জন্য ৸৹ (বার আনা) মূল্যের কোর্ট ফি সম্বলিত দরখাস্ত আহ্বান করা যাইতেছে। দরখাস্তে দরখাস্তকারীর পূর্ণ নাম, পিতার নাম, বর্ত্তমান এবং স্থায়ী বাসস্থান, বয়স, শিক্ষাগত যোগ্যতা, আর্থিক সঙ্গতি ইত্যাদি উল্লেখ করিতে হইবে।

ইংরাজী ১২।১০।৬১ তারিখ পর্য্যন্ত দরখাস্ত বহরমপুর জেলা আবগারী অফিসে গ্রহণ করা হইবে।

16. 9. 61 Sd/- S. K Banerjee

কালেক্টর পক্ষে অন্তঃশুল্কাধ্যক্ষ, মুর্শিদাবাদ।

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

১৮২ নং ৬১ অন্য

বাদী—খোরসেদ আলি

বিবাদী—সেবাইত মহন্ত গণপতি দাস গোস্বামী দিং

এতদ্দ্বারা জেলা মুর্শিদাবাদ অধীন থানা সাগরদীঘি অন্তর্গত ব্রাহ্মণীগ্রামের সর্ব্বসাধারণকে জ্ঞাত করান যাইতেছে যে উক্ত বাদী থানা সাগরদীঘি অধীন ব্রাহ্মণীগ্রাম মৌজায় ৪৭২নং খতিয়ানের ১১৬৫নং দাগের চাষাবাদী ৪ শতক ভূমি বাদী গত সন ১৩৪১ সালের ৮ই শ্রাবণ তারিখে তৎকালীন জমিদার ১নং বিবাদীর স্বত্ব দখলীয় খাস জমি সালিয়ানা ৵০ আনা খাজনায় চেক মূলে বন্দোবস্ত লইয়া স্বত্ব দখলিকার থাকা আমলে বর্ত্তমান রিভিসনাল সেটেলমেণ্টে বাদীর অনুপস্থিতিতে ১৩ কলমে ১নং বিবাদীর নাম ও মন্তব্য কলমে ডহররূপে যাতায়াতের জন্য সাধারণের ব্যবহার্য্য লিখিত হওয়ায় বাদী উক্ত বিবাদীগণের নামে ও আইনের বিধানমত ব্রাহ্মণীগ্রাম সর্ব্বসাধারণ পক্ষে মাতব্বর আনসার আলি ও নকির সেখ নামে উক্ত রূপ রেকর্ড ভ্রমাত্মক ও উহা সাধারণের যাতায়াতীরূপে ব্যবহার্য্য না হওয়া উল্লেখে ও বহুকালাবধি ও দ্বাদশ বর্ষের উর্দ্ধকাল যাবৎ বাদীর স্বত্ব দখলী চাষাবাদী জমি হওয়া এবং বিবাদীগণের কোনরূপ স্বত্ব দখল না থাকা উল্লেখে এবং বিবাদী পক্ষ কখনও কোন প্রকারে উক্ত মতে জোর জবরদস্তি নালিশী জমি হইতে বেদখল করিতে বা চাষাবাদে কোন প্রকার বাধাবিঘ্ন ঘটাইতে না পারেন তন্মর্ম্মে অত্রাদালতে ২০৲ টাকা দাবী ধার্য্যে এক চিরস্থায়ী নিষেধাজ্ঞার মামলা আনয়ন করায় তাহাতে সর্ব্বসাধারণের কোনরূপ আপত্তি থাকিলে ৩০।৯।৬১ তারিখ মধ্যে অত্রাদালতে উপস্থিত হইয়া কারণ দর্শাইবার জন্য সর্ব্বসাধারণের জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি দেওয়া হইল।

By order of the Court
H. K. Roy, Sheristadar,
2nd. Munsif's Court, Jangipur. 19. 9. 61

## বিজ্ঞপ্তি

জঙ্গীপুর উচ্চতর (বহুমুখী) মাধ্যমিক বিদ্যালয়ের ব্যবস্থাপক সমিতির নির্ব্বাচন আসন্ন। বিদ্যালয়ের ছাত্র ছাত্রীগণের পিতামাতা ও অভিভাবকগণকে পত্র মারফত জানান হইয়াছে যে তাঁহাদের ছাত্র ছাত্রীদের সমস্ত পাওনা পরিশোধ করিয়া দিলে তাঁহারা নির্ব্বাচনে ভোটার শ্রেণীভুক্ত হইবেন। পুনরায় তাঁহাদিগকে জানান যাইতেছে যে তাঁহারা আগামী ১৪. ১০. ৬১ তারিখের মধ্যে তাঁহাদের ছাত্র ছাত্রীর সমস্ত পাওনা মিটাইয়া দিলে চূড়ান্ত ভোটার তালিকায় তাঁহাদের নাম অন্তর্ভুক্ত করা হইবে। এ বিষয় তাঁহাদের বিশেষভাবে অবহিত করা যাইতেছে।

বর্ত্তমান ব্যবস্থাপক সমিতির ১০. ৯. ৬১ তারিখের সিদ্ধান্ত অনুযায়ী নির্ব্বাচনের কার্য্যসূচী নিম্নে প্রদত্ত হইল।

1. Publication of the provisional voters' list 1. 10. 61 by 11 A. M.

2. Submission of claims and objections against inclusion of any name 8. 10. 61 by 11 A. M.

3. Publication of the final voters' list 13. 11. 61 by 11 A. M.


4. Submission of nomination papers 23. 11. 61 by 11 A. M.

5. Withdrawal of nomination papers 24. 11. 61 by 11 A. M.

6. Scrutiny of nomination papers 25. 11. 61 by 11 A. M.

7. Holding of election 3. 12. 61
8 A. M. to 12 noon,
1 P. M. to 4 P. M.

শ্রীশরদিন্দুভূষণ পাণ্ডে এম. এ., বি. টি.
প্রধান শিক্ষক,
জঙ্গিপুর উচ্চতর মাধ্যমিক বহুমুখী বিদ্যালয়।
২৬।৯।৬১



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

# আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ,
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



## সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

সাধনা ঔষধালয়ের প্রস্তুত আদর্শ দাঁতের মাজন সাধনা দশন এবং অন্যান্য ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী।
রঘুনাথগঞ্জ (সদরঘাট)


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


## দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬
টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৫১১

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার [illegible]
সর্ব্বদা সুলভ মূল্যে [illegible]

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে [illegible] সরবরাহ করা হয়



আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ২৲ দুই টাকা ও মাশুলাদি ১·১৯ এক টাকা উনিশ নয়া পয়সা।

সোল এজেন্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

## হ্যানিম্যান হল

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম হোমিও প্রতিষ্ঠান
হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয়
আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।
হোমিও পেটেণ্ট "আইওলিন" চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

হ্যানিম্যান হল, খাগড়া, মুর্শিদাবাদ